

This question paper contains 4+2 printed pages]

Your Roll No.....

4510

B.A. (PROGRAMME)/I

C

BENGALI LANGUAGE—Paper I (B)

(Skill of Language Use and One Modern Prose Text)

(Admission of 2005 and onwards)

Time : 3 Hours

Maximum Marks : 75

Write your Roll No. on the top immediately on receipt of this question paper.

1. যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখ। 15

(ক) বাংলা ছোটগল্প

(খ) শিশু শ্রমিক

(গ) তোমার জীবনের একটি বিচিত্র আভিজ্ঞতা

(ঘ) যদি কলেজের প্রিন্সিপ্যাল হতাম

2. নীচের অংশটি পাঠ করে প্রশ্নগুলির উত্তর লেখ।

3×5=15

জ্যোতিবিন্দু মৈত্র ছিলেন 'মধুবংশীর গলি'-র কবি

তিরিশের দশকের শেষ থেকেই যে ফ্যাসিস্ট বিরোধ

আন্দোলন গড়ে উঠেছিল. যার সূত্রগাত ইয়ুথ

কালচারাল ইন্সটিটিউটে (X.C.L) তার পরিণতি

P.T.O.

হল ফ্যাসিস্ট বিরোধী লেখক সংঘে (১৯৪২)। আরও
 পরে এঁরাই হলেন 'প্রগতি লেখক সংঘ'। ৪৬.
 ধর্মতলা স্ট্রীটে ছিল এঁদের অফিস। এই সংগঠনটিকে
 দ্বারা ধরে রেখেছিলেন প্রাণের প্রদীপ জ্বালিয়ে,
 জ্যোতিরিন্দ্র ছিলেন তাঁদের একজন; একটি নাম,
 অনন্য ব্যক্তিত্ব। তাঁর হাতে ছিল বলিষ্ঠ কলম আর
 কণ্ঠ ছিল দুর্লভ সুর। সীমাহীন প্রাণময়তা ছিল
 এই লেখা ও গানের অনির্বান আকর্ষণ। সকলের
 কাছে তিনি পরিচিত ছিলেন 'বটুকদা' নামেই। বঙ্গভঙ্গ
 আন্দোলনের ছয় বছর পরে অবিভক্ত বাংলা দেশের
 পাবনা জেলার শিতলাই গ্রামে তাঁর জন্ম হয়। পরে
 কলকাতায় চলে আসেন; তিনি প্রথমে বিজ্ঞানশাখায়
 স্নাতক হন - পরে ইংরেজি সাহিত্যেও তিনি
 স্নাতকোত্তর উপাধিপ্রাপ্ত হন। অন্যান্য অনেক
 স্বনামধন্য শিক্ষকের সঙ্গে ইন্দিরা দেবী চৌধুরাণীর
 কাছে তিনি শাস্ত্রীয় এবং রবীন্দ্রসঙ্গীত শিক্ষা

করেছিলেন। সূক্ষ্ম কটিবোধের সঙ্গে আশ্চর্য সংবেদনশীল একটি হৃদয় ছিল তাঁর। মানুষকে ভালবাসতেন, সাধারণ, খেটে খাওয়া দরিদ্র মানুষের প্রতি ছিল তার দরদ ও সহমর্মিতা। এই দ্বৈতসত্তার একদিকে ছিল তাঁর পারিবারিক বনেদী জমিদারী আভিজাত্য, অন্যদিকে ছিল প্রগতি তথা গণনাট্য আন্দোলনের সঙ্গে সম্পর্ক। স্বদেশী আন্দোলনে যুক্ত থাকার সময়ই আলাপ হয়েছিল কবি বিষ্ণু দে'র সঙ্গে - পরবর্তীতে সে বন্ধুত্ব অক্ষুণ্ণ ছিল। দু' জনে একইসঙ্গে বাখ-বেঠোফেনের মহান সুবশেলীর সঙ্গে পরিচিত হয়েছেন। নীরদ চৌধুরী ও চঞ্চল চট্টোপাধ্যায়ের সান্নিধ্যে এই পরিচয় গাঢ়তর হয়েছে পরবর্তী কালে। মার্কস, এঙ্গেলস, লেনিন, স্তালিনের সঙ্গে পরিচয়ও তাঁর পরিচয় পত্রিকার আড্ডা থেকেই শুরু হয়েছিল। চল্লিশের দশকে, যুদ্ধের সময় ও তার পরে যখন দুর্ভিক্ষ-পীড়িত মানুষের আর্তনাদ শোনা যেতে লাগল

পথেঘাটে, তখন লিখলেন সেই মৃত্যুঞ্জয় গান -
 “মানবো না মানবো না/কোটি মৃত্যুরে কিনে নেবো
 প্রাণপণে”

- (ক) ‘প্রগতি লেখক সংঘ’ কী?
- (খ) জ্যোতিরিন্দ্র মৈত্র কোন্ সংগঠনকে ধরে রেখে-
 ছিলেন আরো অনেকের সঙ্গে?
- (গ) এই সংগঠনের ঠিকানা কী ছিল?
- (ঘ) জ্যোতিরিন্দ্র মৈত্রের কোন্ কোন্ দু’টি সত্তার
 কথা বলা হয়েছে এখানে?
- (ঙ) তাঁর জন্মস্থান কোথায় এবং করে তিনি জন্মগ্রহণ
 করেন?
- (চ) তাঁর দ্বৈতসত্তার উৎস কী ছিল?
- (ছ) কোন সময়ে তিনি লিখেছিলেন “মানবো না,
 মানবো না/কোটি মৃত্যুরে কিনে নেবে
 প্রাণপণে?”

3. বিপরীতার্থক শব্দ লেখ (পাঁচটি): 5

আপন, পাতাল, সুখ, স্বর্গ, হালকা, মোটা, উত্তর,
ভাল।

4. বাক্য শুদ্ধ কর (পাঁচটি): 5

(ক) রামতেওয়ারী এখন দৌড়ে এসেছিল।

(খ) আমাকে ওই বইটা চাই।

(গ) ছেলেটা গরু বেঁধে রেখে দিলেন।

(ঘ) আমি তোমাকে ভালোবাসে।

(ঙ) সকাল সকাল কাজ সারিয়ে ফেল।

(চ) তিনি আমাকে চারটে বই দিয়েছে।

(ছ) মেয়েটা খুব ভালো হচ্ছে।

5. যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও। 15×2=30

(ক) ত্রৈলোক্যনাথের লেখা ডমরুধবের গল্পগুলিকে

'গাঁজা খুরি' গল্প বলা যায় কী? গল্পগুলির

বৈশিষ্ট্য আলোচনা কর।

(খ) 'মহেশ' গল্পে উৎকট সমাজ বিধান কীভাবে
একটি পশু এবং মানুষের জীবনে ট্যাগেটী
নিয়ে এসেছে আলোচনা কর।

(গ) 'বসন্তীর বসিকতা' গল্পে কে, কীভাবে, কার
সঙ্গে বসিকতা করেছিল লেখ।

6. টীকা লেখ (একটি)

5

গফুর, লোহার সিঁদুক, হয় হয়, নতি পারোন